



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৬.০০১.২০২২- ১৫ ১৪১/১০

তারিখ: ১৪/০৭/২০২২ খ্রি.

বিষয়ঃ জ্বালানী ও বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত।

সূত্র: ৩৭.০০.০০০০.০৬১.১৮.০৫৩.১৭-৯৩, তারিখ: ২১/০৭/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোস্থ পত্রের আলোকে চলমান পরিস্থিতি বিবেচনায় বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

- ক) সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে ২৫% বিদ্যুৎ ব্যবহার কমাতে হবে এবং স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান তা নিশ্চিত করবেন। এ সংক্রান্ত একটি সাশ্রয়ী প্রতিবেদন প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে এ অধিদপ্তরের মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং-এ প্রেরণ করতে হবে;
- খ) গাড়ীর জ্বালানী সংক্রান্ত মাসিক প্রাপ্যতা বিদ্যমান সিলিং হতে ২০% হ্রাস করতে হবে;
- গ) যে সকল সভা/অনুষ্ঠান অনলাইনে/ভার্চুয়ালি করা সম্ভব সে সকল সভা/অনুষ্ঠানে স্ব-শরীরে আয়োজন পরিহার করতে হবে;
- ঘ) প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাগণের এয়ার কন্ডিশনারের (AC) তাপমাত্রা ২৬ ডিগ্রি সেলসিয়াস নির্ধারণ করতে হবে;

০২। উল্লেখিত নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানীর ব্যবহার সঠিকভাবে করা হচ্ছে কিনা তা তদারকি করার জন্য প্রত্যেক অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে মনিটরিং টিম গঠন করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনা অনুযায়ী এ অধিদপ্তরের আওতাধীন সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যুৎ ও জ্বালানীর ব্যবহার সঠিকভাবে করা হচ্ছে কিনা তা তদারকিপূর্বক একটি সাশ্রয়ী প্রতিবেদন প্রতিমাসের ০৩ (তিন) তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মনিটরিং এন্ড ইভালুয়েশন উইং-এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৪/৭/২০২২

(বিপুল চন্দ্র বিশ্বাস)

উপপরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ০২২২৩৩৫১০৪৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।

০২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। পরিচালক, এইচ.এস.টি.টি.আই (সকল);
- ০৪। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
- ০৫। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ০৬। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
- ০৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১০। সংরক্ষণ নথি।

